

Toronto Community  
Housing Corporation  
931 Yonge Street  
Toronto, ON M4W 2H2



আগস্ট 3, 2021

প্রিয় TCHC ভাড়াটে,

আমি প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে টরন্টো কমিউনিটি হাউজিংয়ে যোগ দিতে পেরে রোমাঞ্চিত। কোম্পানি যেভাবে ভাড়াটিয়াদের সেবা প্রদান করে তা পরিবর্তনের কাজটি ভালোভাবে এগিয়ে চলছে, এবং আমি এক্ষেত্রে ও অন্যান্য ক্ষেত্রে কোম্পানির অব্যাহত অগ্রগতিতে নেতৃত্ব দিতে আগ্রহী।

আগামী সপ্তাহগুলোতে আমার অগ্রাধিকার হলো শোনা ও শেখা। আমি TCHC ভবন, অফিস ও নতুন টেনেন্ট সার্ভিস হাবগুলোতে সময় কাটাবো যাতে আমাদের কাজকর্মগুলো আমি নিজের চোখে দেখতে পারি এবং ভাড়াটিয়া ও কর্মীদের সাথে দেখা-সাক্ষাত করতে পারি। আমি আপনাদের অভিজ্ঞতার কথা শুনতে চাই, কোন বিষয়গুলো আপনাদের কাছে গুরুত্বপূর্ণ এবং ইতোমধ্যে সম্পাদিত কঠোর পরিশ্রমের মাধ্যমে কোন সুযোগগুলো কাজে লাগানো যায় সে বিষয়ে জানতে চাই।

কানাডার বৃহত্তম সামাজিক আবাসন প্রদানকারী প্রতিষ্ঠানের CEO হওয়ার সাথে সাথে আমার ওপর অনেক দায়িত্ব অর্পিত হয়েছে, বিশেষ করে এই সময়ে যখন আমরা COVID-19 মহামারী থেকে বেরিয়ে আসতে শুরু করেছি। আমাদের মিশন আগে কখনো এতটা স্পষ্ট ছিল না, আমাদেরকে পথ দেখানোর জন্য একটি সুনির্দিষ্ট কৌশল রয়েছে এবং আমাদেরকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ভাড়াটে, কর্মী ও অংশীদারদের অঙ্গীকার ও আগ্রহ রয়েছে।

আমার নতুন ভূমিকা শুরু করার জন্য আমি সত্যিই রোমাঞ্চিত এবং আপনাদেরকে সেবা দেয়ার অপেক্ষায় রয়েছি।

বিনীত,



জ্যাগ শর্মা  
প্রেসিডেন্ট ও মুখ্য নির্বাহী কর্মকর্তা  
টরন্টো কমিউনিটি হাউজিং